গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা কমিশন
কার্যক্রম বিভাগ

নং- পক/কার্য/২৮২/আরএডিপি/২০১৭-১৮/৩২

তারিখ ঃ ১৪ পৌষ, ১৪২৪
২৮ ডিসেম্বর, ২০১৭

**বিষয় ঃ ২০১৭-১৮ অর্থ বছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি (আরএডিপি) প্রণয়নের নির্দেশনা।**

বাংলাদেশের উন্নয়ন রূপকল্প-২০২১-এর অভীষ্ট লক্ষ্য অর্জনে প্রণীত প্রেক্ষিত পরিকল্পনা (২০১০-২০২১), সপ্তম পঞ্চবার্ষিক পরিকল্পনা (২০১৬-২০২০) এবং জাতিসংঘ ঘোষিত Sustainable Development Goals (SDGs) এর উন্নয়ন কৌশল ও লক্ষ্যমাত্রা সমূহের আলোকে গৃহীত অর্থনৈতিক খাত ভিত্তিক উদ্দেশ্য ও লক্ষ্যমাত্রাসমূহ অর্জনের প্রধান মাধ্যম বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)/ সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি (আরএডিপি)। জনগণের জীবনযাত্রার মান উন্নয়ন ও দ্রুত দারিদ্র নিরসনের লক্ষ্যে প্রণীত ২০১৭-১৮ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি সংশোধনের কাজ শুরু করা হচ্ছে। সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি (আরএডিপি) প্রণয়নের সময় মূল এডিপিতে অন্তর্ভুক্ত প্রকল্পসমূহে প্রদত্ত বরাদ্দ সংশোধন, আরএডিপিতে অন্তর্ভুক্তিযোগ্য অনুমোদিত নতুন প্রকল্পে বরাদ্দ প্রদান এবং আরএডিপিতে বরাদ্দবিহীনভাবে অননুমোদিত নতুন প্রকল্প অন্তর্ভুক্তিসহ অন্যান্য ক্ষেত্রে নিম্নে বর্ণিত নির্দেশনা অনুসরণ করতে হবে।

**২। সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচির আকার ও অর্থনৈতিক খাত/উপ-খাত/সেক্টর/সাব-সেক্টর/প্রকল্প ভিত্তিক বরাদ্দ নির্ধারণ ঃ**

দেশের সামষ্টিক অর্থনৈতিক অবস্থা বিশেষ করে অর্থনৈতিক প্রবৃদ্ধি, মুদ্রাস্ফীতি, সরকারি ও বেসরকারি খাতের বিনিয়োগ চাহিদা, সম্পদের লভ্যতা, স্থানীয় সম্পদ সংগ্রহ এবং বৈদেশিক সাহায্যের প্রাপ্তি ও ব্যবহারের সক্ষমতা, অর্থ ব্যয়ের ধারা ইত্যাদি বিবেচনায় নিয়ে সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচির আকার নির্ধারণ করা হয়। অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগ আরএডিপি'র জন্য প্রাক্কলিত মোট সম্পদ (স্থানীয় মুদ্রা ও বৈদেশিক সাহায্যের বিভাজনসহ) নির্ধারণপূর্বক পরিকল্পনা কমিশনের কার্যক্রম বিভাগকে অবহিত করবে। অর্থনৈতিক সম্পর্ক বিভাগ আরএডিপি'র জন্য সেক্টর ভিত্তিক ও প্রকল্পওয়ারী প্রকল্প সাহায্য; জাপান ঋণ মওকুফ তহবিল (জেডিসিএফ); জাপান ঋণ মওকুফ অনুদান তহবিল (ডিআরজিএ) এবং জাপান ঋণ মওকুফ অনুদান প্রতিরূপ তহবিল (ডিআরজিএসিএফ) এর বরাদ্দ নির্ধারণপূর্বক যুগপৎভাবে সেক্টর বিভাগসমূহ এবং কার্যক্রম বিভাগকে অবহিত করবে। আরএডিপি'র মোট আকার নির্ধারণের পর কার্যক্রম বিভাগ অর্থনৈতিক সেক্টর ভিত্তিক অগ্রাধিকার, চলমান প্রকল্পসমূহের চাহিদা, প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি ইত্যাদি বিবেচনা করে অর্থনৈতিক খাত/উপখাতভিত্তিক বরাদ্দ বিভাজন করে পরিকল্পনা কমিশনের সেক্টর বিভাগসমূহকে অবহিত করবে। অর্থনৈতিক খাত/উপখাতভিত্তিক বরাদ্দ বিবেচনায় রেখে পরিকল্পনা কমিশনের সেক্টর বিভাগ সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ থেকে প্রাপ্ত প্রকল্পওয়ারী বরাদ্দ প্রস্তাবের যৌক্তিকতা পরীক্ষা-নিরীক্ষা করে ও প্রয়োজনে পরিবর্তন/সংশোধন করে প্রকল্পওয়ারী বরাদ্দ নির্ধারণপূর্বক কার্যক্রম বিভাগে প্রেরণ করবে। চূড়ান্ত বরাদ্দ সংশোধনের প্রয়োজন হলে এবং তা যৌক্তিক মনে না হলে কার্যক্রম বিভাগ সংশ্লিষ্ট সেক্টর বিভাগ ও মন্ত্রণালয়/বিভাগের সাথে আলোচনা করে বরাদ্দ সংশোধন করতে পারবে।

**৩। প্রকল্পভিত্তিক অর্থ বরাদ্দ প্রদানের নির্দেশনা ঃ**

২০১৭-১৮ অর্থ বছরের সংশোধিত এডিপিতে প্রকল্পভিত্তিক বরাদ্দ প্রদানের ক্ষেত্রে নিম্নে বর্ণিত নির্দেশনা অনুসরণ করতে হবেঃ

**ক) প্রকল্পভিত্তিক অর্থ বরাদ্দ প্রস্তাবের ক্ষেত্রে অনুসৃতব্য সাধারণ নির্দেশনাঃ**

(১) শুধুমাত্র অনুমোদিত প্রকল্প বরাদ্দসহ আরএডিপিতে অন্তর্ভূক্ত করা যাবে। নতুন অনুমোদিত প্রকল্পের অনুকূলে অনুমোদন আদেশ ও প্রশাসনিক আদেশ জারি ব্যতীত আরএডিপিতে অন্তর্ভূক্ত করা যাবে না।

(২) দারিদ্র বিমোচনের সাথে সরাসরি সংশ্লিষ্ট প্রকল্পসহ বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের আওতাধীন প্রকল্পসমূহের অগ্রাধিকার বিবেচনায় রেখে সংশোধিত এডিপিতে বরাদ্দ প্রস্তাব করতে হবে।

(৩) আরএডিপিতে অর্থ বরাদ্দ প্রদানের ক্ষেত্রে কৃষি, কৃষিভিত্তিক শিল্প, বিদ্যুৎ উৎপাদন, আইসিটি শিক্ষার উন্নয়ন, দারিদ্র হ্রাসকরণ এবং প্রাকৃতিক দুর্যোগ যেমন ঘূর্ণিঝড়, জলোচ্ছ্বাস, বন্যা, অতিবৃষ্টি ইত্যাদির ক্ষয়ক্ষতি পুনর্বাসন সংক্রান্ত প্রকল্পে বরাদ্দ প্রদানে অগ্রাধিকার দিতে হবে।

(৪) সংশোধিত এডিপিতে অর্থ বরাদ্দ প্রদানে সরকারি - বেসরকারি অংশীদারিত্বের (PPP) ভিত্তিতে গৃহীত উদ্যোগ বাস্তবায়নে সহায়ক প্রকল্প (Linkage Project) অগ্রাধিকার পাবে।

(৫) বৈদেশিক সাহায্যপুষ্ট (সাহায্য চুক্তি স্বাক্ষরিত/সাহায্য প্রাপ্তির সুনিশ্চিত অঙ্গীকারপ্রাপ্ত) প্রকল্পে চলতি অর্থ বছরে প্রাপ্ত বৈদেশিক সাহায্য ব্যবহারের নিমিত্ত পরিপূরক স্থানীয় মুদ্রা (Matching Fund) বরাদ্দের দাবী/প্রস্তাবকে অগ্রাধিকার দিতে হবে।

(৬) সংশোধিত এডিপিতে এলাকা/অঞ্চল ভিত্তিক সুষম উন্নয়নের লক্ষ্যে গৃহীত প্রকল্পসমূহে বরাদ্দ প্রদান নিশ্চিত করতে হবে।

(৭) ধীর গতি সম্পন্ন প্রকল্প বা রুগ্ন প্রকল্প হতে বরাদ্দ হ্রাস করে দ্রুত বাস্তবায়ন গতি সম্পন্ন প্রকল্পে প্রয়োজনানুগ বরাদ্দ প্রদান করতে হবে।

(৮) সংশোধিত এডিপি'র খাত ও উপ-খাতের নির্ধারিত স্থানীয় মুদ্রায় মোট বরাদ্দ অপরিবর্তিত রেখে অগ্রাধিকারের ভিত্তিতে আন্তঃ প্রকল্প বরাদ্দ সমন্বয় করা যাবে।

(৯) প্রকল্প সাহায্য, নগদ বৈদেশিক মুদ্রা এবং পুনর্ভরণযোগ্য প্রকল্প সাহায্যের যাবতীয় হিসাব অর্থনৈতিক সম্পর্ক বিভাগ কর্তৃক সরবরাহকৃত সর্বশেষ মুদ্রা বিনিময় হার অনুযায়ী (এক মার্কিন ডলার সমান ৮০ টাকা হারে) হিসাব করতে হবে।

(১০) অনুমোদিত ডিপিপিতে প্রাইস কন্টিনজেন্সি ও ফিজিক্যাল কন্টিনজেন্সি খাতে সংস্থানকৃত অর্থ ব্যবহার সংক্রান্ত নীতিমালা অনুযায়ী যথাযথ কতৃপক্ষের অনুমোদনক্রমে ডিপিপি'র সংস্থান পরিবর্তন ব্যতিত এ খাতের অর্থ কোন প্রকল্পের অনুকূলে আরএডিপিতে বরাদ্দ প্রদান করা যাবে না।

(১১) জেডিসিএফ, ডিআরজিএ ও ডিআরজিএসিএফ স্থানীয় মুদ্রা হিসেবে বিবেচিত হবে।

খ) <u>চলতি প্রকল্পের মূল এডিপি বরাদ্দ সংশোধনে অনুসৃতব্য নির্দেশনাঃ</u>

(১) প্রকল্পের অনুমোদিত প্রাক্কলিত ব্যয় এবং ক্রমপুঞ্জিত ব্যয়ের নিরিখে চলতি অর্থ বছরের অনুমোদিত ক্রয় পরিকল্পনা অনুসারে অর্থ বছরের বাকি সময়ে যুক্তিসঙ্গত ও সম্ভাব্য ব্যয় বিবেচনায় সংশোধিত এডিপিতে অর্থ বরাদ্দের প্রস্তাব করতে হবে।

(২) চলতি অর্থ বছরে সমাপ্তির জন্য নির্ধারিত প্রকল্পে প্রয়োজনীয় অর্থ বরাদ্দ নিশ্চিত করতে হবে। প্রয়োজনে চলমান ধীর গতি সম্পন্ন প্রকল্প অথবা অন্য কোন প্রকল্প হতে উপযোজনের মাধ্যমে প্রয়োজনীয় বরাদ্দ নিশ্চিত করতে হবে।

(৩) অতিরিক্ত বরাদ্দ প্রদান কিংবা উপযোজনের মাধ্যমে কোন চলতি প্রকল্পের বরাদ্দ সংশোধন করা হয়েছে এমন প্রকল্পে সংশোধিত বরাদ্দ প্রস্তাব প্রতিফলিত করতে হবে। তবে উল্লেখ্য যে, উপযোজনকৃত প্রকল্পের বরাদ্দ প্রস্তাব নতুন করে সংশোধনের প্রস্তাব পরিহার করতে হবে।

(৪) কোন চলতি প্রকল্পে বরাদ্দ প্রস্তাবের ক্ষেত্রে লক্ষ্য রাখতে হবে তা যেন ইতোমধ্যে ছাড়কৃত অর্থের তুলনায় কম না হয়।

(৫) প্রকল্প সাহায্য বরাদ্দের ক্ষেত্রে উন্নয়ন সহযোগী দেশ/সংস্থার সাথে স্বাক্ষরিত চুক্তির মেয়াদ বিবেচনায় রেখে ২০১৭-১৮ অর্থ বছরে যুক্তিসংগত এবং সম্ভাব্য ব্যয়নের ভিত্তিতে স্থানীয় মুদ্রা ও প্রকল্প সাহায্যের বরাদ্দ প্রস্তাব করতে হবে।

(৬) প্রকল্প সাহায্য (ডিপিএ/আরপিএ), জেডিসিএফ, ডিআরজিএ ও ডিআরজিএসিএফ বরাদ্দের ক্ষেত্রে অর্থনৈতিক সম্পর্ক বিভাগ কর্তৃক নির্ধারিত বরাদ্দ চূড়ান্ত বলে গণ্য হবে।

(৭) সরকারের আমদানী শুল্ক ও মূল্য সংযোজন করের (সিডি ভ্যাট) হার এবং আমদানী পণ্য মূল্যের নির্ধারিত বিনিময় হার অনুসারে সিডি ভ্যাট বাবদ প্রয়োজনীয় বরাদ্দের প্রস্তাব করতে হবে।

(৮) প্রকল্প বরাদ্দের জিওবি অংশে নগদ বৈদেশিক মুদ্রার প্রয়োজন হলে উক্ত বরাদ্দ প্রস্তাব আরএডিপি ছকের অন্যান্য কলামে (কলাম নং ১৮) প্রতিফলিত করতে হবে।

(৯) অনুমোদিত/সংশোধিত অননুমোদিত প্রকল্পের অনুমোদিত ডিপিপি'র সংস্থানের অতিরিক্ত বরাদ্দ প্রস্তাব করা যাবে না। এছাড়া সর্বশেষ অনুমোদিত ডিপিপি অনুযায়ী প্রকল্পের ব্যয় (আরএডিপি ছকের কলাম-৪ ও ৫) প্রতিফলন করতে হবে।

(১০) প্রকল্পের প্রস্তাবিত বরাদ্দের খাত ভিত্তিক (টাকা, প্রকল্প সাহায্য, টাকাংশ, মূলধন, রাজস্ব, সিডি ভ্যাট, নগদ বৈদেশিক মুদ্রা ইত্যাদি) বিভাজনের ক্ষেত্রে সর্বশেষ অনুমোদিত ডিপিপি'র সংস্থানের অতিরিক্ত প্রস্তাব করা যাবে না।

) <u>**অনুমোদিত নতুন প্রকল্পে অর্থ বরাদ্দ প্রস্তাবের ক্ষেত্রে অনুসৃতব্য নির্দেশনাঃ**</u>

(১) এডিপিতে বরাদ্দবিহীনভাবে অননুমোদিত নতুন প্রকল্প তালিকায় অন্তর্ভুক্ত অথবা তালিকা বর্হিভূত কোন বিনিয়োগ/কারিগরি সহায়তা/সমীক্ষা প্রকল্প অনুমোদিত হলে (যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদন আদেশ জারি হতে হবে) সেসব প্রকল্প সংশোধিত এডিপিতে বরাদ্দসহ অন্তর্ভুক্ত করতে হবে;

(২) নতুন অনুমোদিত কোন প্রকল্পের অনুকূলে ইতোমধ্যে কোন অর্থ ছাড় করা হয়ে থাকলে সংশোধিত এডিপিতে বরাদ্দ প্রস্তাবের ক্ষেত্রে লক্ষ্য রাখতে হবে যেন তা ছাড়কৃত অর্থের তুলনায় কম না হয়;

(৩) চলতি উন্নয়ন প্রকল্পের সময়ানুগ বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় স্থানীয় মুদ্রার বরাদ্দ নিশ্চিতকরণ সাপেক্ষেই শুধুমাত্র অপরিহার্য নতুন প্রকল্পের জন্য স্থানীয় মুদ্রার বরাদ্দ প্রস্তাব করতে হবে;

(৪) কোন বৈদেশিক সহায়তাপুষ্ট কারিগরি সহায়তা প্রকল্প বাস্তবায়নের নিমিত্ত উন্নয়ন সহযোগী সংস্থা/দেশের সাথে চুক্তি স্বাক্ষরিত হলে এবং/অথবা উক্ত চুক্তি স্বাক্ষরের ভিত্তিতে এসপিইসি কর্তৃক সুপারিশকৃত হলে বরাদ্দসহ সংশোধিত এডিপিতে অন্তর্ভুক্তির প্রস্তাব করা যাবে;

(৫) কোন বৈদেশিক সহায়তাপুষ্ট নতুন অনুমোদিত প্রকল্পের ক্ষেত্রে প্রকল্প সাহায্য বরাদ্দ সাপেক্ষে প্রয়োজনীয় জিওবি ম্যাচিং ফান্ড বরাদ্দের প্রস্তাব করা যাবে;

(৬) সম্পদের সীমাবদ্ধতা বিবেচনা করে সংশোধিত এডিপিতে নতুন প্রকল্প গ্রহণের চেয়ে চলমান প্রকল্প সমাপ্ত করার উপর সবিশেষ গুরুত্ব দিতে হবে।

উপরি-উক্ত নির্দেশনার আলোকে সংশোধিত এডিপির প্রধান কর্মসূচির আওতাভুক্ত প্রকল্পে অর্থ বরাদ্দের প্রস্তাব সংযুক্ত <u>ছক 'ক'</u> অনুসারে, কারিগরি সহায়তা প্রকল্প প্রস্তাব <u>ছক 'খ'</u> অনুসারে, খাদ্য সাহায্যপুষ্ট প্রকল্প প্রস্তাব <u>ছক 'গ'</u> অনুসারে, জেডিসিএফ এবং ডিআরজিএ/ডিআরজিএসিএফ অর্থায়নে বাস্তবায়নাধীন প্রকল্পে অর্থ বরাদ্দ প্রস্তাব সংযুক্ত <u>ছক 'ক'</u> অনুসারে (প্রকল্প সাহায্য উৎসের ঘরে জেডিসিএফ অথবা ডিআরজিএ/ডিআরজিএসিএফ উল্লেখ করতে হবে), সংশোধিত এডিপি'র সংক্ষিপ্ত সার <u>ছক 'ঘ'</u> অনুসারে এবং সংশোধিত বার্ষিক বিনিয়োগ উন্নয়ন কর্মসূচির সংক্ষিপ্ত সার <u>ছক 'ঙ'</u> অনুসারে প্রণয়ন করতে হবে।

৪। **সংশোধিত এডিপিতে অননুমোদিত নতুন প্রকল্প অন্তর্ভুক্তির নির্দেশনা ঃ**

(১) সপ্তম পঞ্চবার্ষিক পরিকল্পনা (২০১৬-২০২০)'র উন্নয়ন ফলাফল কাঠামোতে (Development Results Framework) চিহ্নিত ক্ষেত্রসমূহের এবং জাতিসংঘ ঘোষিত Sustainable Development Goals (SDGs) এর লক্ষ্যমাত্রাসমূহ অর্জনকে অগ্রাধিকার প্রদান করে সম্পূর্ণ নতুন প্রকল্প সংশোধিত এডিপিতে অন্তর্ভুক্তির প্রস্তাব করা যাবে। সম্পদের সীমাবদ্ধতা বিবেচনায় রেখে একান্ত অপরিহার্য এবং উচ্চ অগ্রাধিকার প্রাপ্ত না হলে জিওবি অর্থায়নে নতুন প্রকল্প সংশোধিত এডিপিতে অন্তর্ভুক্তির প্রস্তাব সাধারণভাবে পরিহার করতে হবে। সরকারী-বেসরকারি অংশীদারিত্বের (PPP) ভিত্তিতে গৃহীত উদ্যোগ বাস্তবায়নে সহায়ক নতুন প্রকল্প (Linkage Project) অগ্রাধিকার পাবে।

(২) মূল এডিপিতে বরাদ্দবিহীনভাবে সংযুক্ত অননুমোদিত নতুন প্রকল্পসমূহ স্বয়ংক্রিয়ভাবে সংশোধিত এডিপিতে অন্তর্ভুক্ত হবে না। সংশোধিত এডিপিতে অননুমোদিত নতুন প্রকল্প সংখ্যা সীমিত রাখার জন্য মূল এডিপিতে বরাদ্দবিহীনভাবে সংযুক্ত অননুমোদিত নতুন প্রকল্প তালিকা সংশোধন ও হালনাগাদ করতে হবে। সংশোধন ও হালনাগাদকালে SDGs এর লক্ষ্যমাত্রাসমূহ অর্জনের গুরুত্ব বহাল রাখতে হবে এবং নিম্নে বর্ণিত নির্দেশনা অনুসরণ করতে হবেঃ

- এডিপিতে বরাদ্দবিহীনভাবে সংযুক্ত কোন নতুন প্রকল্পের ডিপিপি অনুমোদন প্রক্রিয়াকরণের জন্য ৩১ শে ডিসেম্বর, ২০১৭ -এর মধ্যে পরিকল্পনা কমিশনে সেক্টর বিভাগে পাওয়া গিয়েছে শুধু সেসব প্রকল্প সংশোধিত এডিপিতে অন্তর্ভুক্ত করার প্রস্তাব করা যাবে। যে সকল প্রকল্পের ডিপিপি পরিকল্পনা কমিশনের সেক্টর বিভাগে পাওয়ার পর মন্ত্রণালয়/বিভাগে ফেরৎ প্রদান করা হয়েছে ঐ সকল প্রকল্পের ডিপিপি পরিকল্পনা কমিশনে পাওয়া যায়নি মর্মে বিবেচিত হবে।
- যে সকল প্রকল্প প্রস্তাব ইতোপূর্বে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ বা পরিকল্পনা কমিশন কর্তৃক প্রক্রিয়াকরণ করার জন্য বিবেচিত হয়ে অনুমোদনে গৃহীত হয়নি সে সকল প্রকল্প সংশোধিত এডিপিতে অন্তর্ভুক্তির প্রস্তাব করা যাবে না;

- একই সংস্থার আওতায় বাস্তবায়িতব্য একই উদ্দেশ্য/প্রকৃতির একাধিক ক্ষুদ্র প্রকল্প প্রস্তাব (যদি থাকে) পৃথকভাবে প্রণয়ন না করে সেগুলোকে একত্রে একটি প্রকল্পের (গুচ্ছ প্রকল্প) আওতায় আরএডিপিতে অন্তর্ভুক্তির প্রস্তাব করতে হবে;
- এডিপিভুক্ত নতুন অননুমোদিত বরাদ্দবিহীন প্রকল্পের মধ্যে কম অগ্রাধিকারপ্রাপ্ত/কম গুরুত্বপূর্ণ প্রকল্প সংশোধিত এডিপিতে অন্তর্ভুক্তির প্রস্তাব পরিহার করতে হবে।

(৩) বেসরকারি উদ্যোগে বাস্তবায়ন করার সম্ভাবনা রয়েছে এমন প্রকল্প সংশোধিত এডিপিতে অন্তর্ভুক্তির প্রস্তাব পরিহার করতে হবে;

উপরি-উক্ত নির্দেশনার আলোকে মূল এডিপিতে বরাদ্দবিহীনভাবে সংযুক্ত অননুমোদিত নতুন প্রকল্প তালিকা সংশোধন ও হালনাগাদকরণের লক্ষ্যে প্রকল্পের অনুমোদন প্রক্রিয়াকরণের পর্যায় সম্পর্কিত তথ্য সংযুক্ত ছক 'চ-১' অনুসারে এবং জিওবি অর্থায়নে বাস্তবায়িতব্য সম্পূর্ণ নতুন প্রকল্পের সংক্ষিপ্ত-সার সংযুক্ত ছক 'চ-২' অনুসারে প্রদান করতে হবে।

৫। শায়ত্বশাসিত সংস্থা/কর্পোরেশনের নিজস্ব অর্থায়নে/স্ব-অর্থে বাস্তবায়নের জন্য গৃহীত প্রকল্পসমূহ সংশোধিত এডিপিতে প্রতিফলিত করতে হবে। এ ক্ষেত্রে নির্ধারিত তথ্য ছক 'ছ' ব্যবহার করে প্রকল্পের এডিপি বরাদ্দ ও হালনাগাদ ব্যয় উল্লেখপূর্বক সংশোধিত এডিপিতে বরাদ্দ প্রস্তাব সংক্রান্ত তথ্য প্রেরণ করতে হবে।

৬। বৈদেশিক সাহায্য প্রাপ্তির সুবিধার্থে বরাদ্দবিহীন অননুমোদিত প্রকল্প প্রস্তাব সংশোধিত এডিপিতে পৃথকভাবে সন্নিবেশিত করার জন্য সংযুক্ত ছক 'জ' অনুসারে প্রয়োজনীয় তথ্যসহ ইতোমধ্যে গৃহীত/গৃহীতব্য পদক্ষেপ সম্পর্কে হালনাগাদ তথ্য প্রদান করতে হবে। বৈদেশিক সাহায্য চুক্তি সম্পাদিত হয়েছে এমন অননুমোদিত প্রকল্প সংশোধিত এডিপিতে বরাদ্দবিহীনভাবে অন্তর্ভুক্তির ক্ষেত্রে অগ্রাধিকার পাবে।

৭। এছাড়া এডিপিতে সংযুক্ত সরকারি-বেসরকারি অংশীদারিত্বের (PPP ) ভিত্তিতে গৃহীতব্য প্রকল্প তালিকা সংশোধন করার নিমিত্ত প্রয়োজনীয় তথ্য ছক 'ঝ-১' ও সংক্ষিপ্ত সার 'ঝ-২', আইসিটি খাতে বরাদ্দ প্রদান সম্পর্কিত তথ্য ছক- 'ঞ' অনুসারে এবং ২০১৭-১৮ অর্থ বছরে সমাপ্য প্রকল্পের তালিকা, রাজস্ব খাতে স্থানান্তরিত প্রকল্পের তালিকা, শূন্য বরাদ্দপ্রাপ্ত/ স্থগিত/ বাতিলকৃত/ অন্য প্রকল্পের সাথে একীভূত প্রকল্পের তালিকা (প্রকল্পের নাম, প্রাক্কলিত ব্যয়, ক্রমপুঞ্জিত অগ্রগতি ও স্থগিত/ বাতিলের কারণ ইত্যাদি তথ্যসহ) প্রেরণ করতে হবে।

**৮। ২০১৭-১৮ অর্থ বছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি প্রণয়নের লক্ষ্যে অনুসৃতব্য সময়সূচি ঃ**

| | |
|---|---|
| সকল প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা প্রকল্পের অগ্রাধিকার ও বাস্তবায়ন পরিস্থিতি বিবেচনা করে আরএডিপি'র জন্য নির্ধারিত ছকে তথ্য সন্নিবেশপূর্বক সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে প্রেরণ করবে। | ০২/০১/২০১৮ |
| সকল মন্ত্রণালয়/বিভাগ বাস্তবায়নকারী সংস্থা থেকে প্রাপ্ত আরএডিপির তথ্য উন্নয়ন অগ্রাধিকার ও লক্ষ্যমাত্রার নিরিখে যাচাই-বাছাই করে প্রয়োজনীয় সংশোধনপূর্বক পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর বিভাগে প্রেরণ করবে। | ০৭/০১/২০১৮ |
| পরিকল্পনা কমিশনের সেক্টর বিভাগসমূহ মন্ত্রণালয়/বিভাগ থেকে প্রাপ্ত আরএডিপি'র প্রস্তাব নীতিমালার আলোকে পরীক্ষা-নিরীক্ষা করে প্রয়োজনীয় পরিবর্তন/সংশোধন করে প্রকল্পওয়ারী বরাদ্দ নির্ধারণপূর্বক কার্যক্রম বিভাগে প্রেরণ করবে। | ১০/০১/২০১৮ |

৯। উপরি-উক্ত নির্দেশনা (অনুচ্ছেদ ১-৭) এবং অনুচ্ছেদ-৮ এ বর্ণিত সময়সূচি অনুসারে ২০১৭-১৮ অর্থ বছরের সংশোধিত এডিপি'র জন্য চাহিত তথ্যাদি এতদসঙ্গে সংযুক্ত নির্ধারিত ছকে (সফ্টকপিসহ) প্রেরণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

মোঃ জিয়াউল ইসলাম
সদস্য (কার্যক্রম)
পরিকল্পনা কমিশন।
ফোন ঃ ৯১৮০৭০০

সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব
............................................................ মন্ত্রণালয়/বিভাগ।
.......................................................................।

১৪ পৌষ, ১৪২৪

নং- পক/কার্য/২৮২/আরএডিপি/২০১৭-১৮/৬২ তারিখ ঃ -------------------

২৮ ডিসেম্বর, ২০১৭

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল ঃ

১। সদস্য (সকল), পরিকল্পনা কমিশন, শের-ই বাংলা নগর, ঢাকা।
২। প্রধান (সকল), পরিকল্পনা কমিশন, শের-ই বাংলা নগর, ঢাকা।
৩। যুগ্ম-প্রধান (সকল),পরিকল্পনা কমিশন, শের-ই বাংলা নগর, ঢাকা।

মোঃ রুহুল আযম
সিনিয়র সহকারী প্রধান
ফোনঃ ৯১৮০৬৩১

১৪ পৌষ, ১৪২৪

নং- পক/কার্য/২৮২/আরএডিপি/২০১৭-১৮/৬২ তারিখ ঃ ------------------

২৮ ডিসেম্বর, ২০১৭

২০১৭-১৮ অর্থ বছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচির প্রস্তাব সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের নিকট যথাসময়ে প্রেরণের অনুরোধসহ স্মারকের অনুলিপি প্রেরণ করা হল ঃ

মেয়র/ভাইস চ্যান্সেলর/চেয়ারম্যান/প্রধান প্রকৌশলী/ব্যবস্থাপনা পরিচালক/মহাপরিচালক/মহাব্যবস্থাপক/পরিচালক ----------

------------------------------------------------------------------------------------------------------------ ।

মোঃ রুহুল আযম
সিনিয়র সহকারী প্রধান
ফোনঃ ৯১৮০৬৩১

সদয় অবগতির জন্য অনুলিপি ঃ

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩। মাননীয় পরিকল্পনা মন্ত্রীর একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই- বাংলা নগর, ঢাকা।
(মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৪। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, অর্থ ও পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই- বাংলা নগর, ঢাকা।
(মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।

-----------------------------------------------------------------

৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, পরিকল্পনা বিভাগ/অর্থ বিভাগ/অর্থনৈতিক সম্পর্ক বিভাগ/অভ্যন্তরীণ সম্পদ বিভাগ/বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, -----------------------------------------------------, ঢাকা।
৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইটি সেল, পরিকল্পনা বিভাগ, শের-ই- বাংলা নগর, ঢাকা (২০১৭-১৮ অর্থ বছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি প্রণয়নের নির্দেশনাটি পরিকল্পনা বিভাগের ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)।

*২০১৭-১৮ অর্থ বছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি প্রণয়নের নির্দেশনাটি পরিকল্পনা বিভাগের ওয়েবসাইটে (www.plandiv.gov.bd) পাওয়া যাবে।

-'ক'

# ২০১৭-১৮ অর্থ বছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি (বিনিয়োগ/প্রধান কর্মসূচি)

সেক্টর ঃ

সাব-সেক্টর ঃ

(লক্ষ টাকায়)

| ক্রমিক নং | প্রকল্পের নাম (বাস্তবায়নকাল) | অনুমোদনের পর্যায় | প্রকল্পের ব্যয় | | ২০১৭-১৮ অর্থ বছরের মূল বরাদ্দ | | ২০১৭-১৮ অর্থ বছরের (জুলাই -নভেম্বর) প্রকৃত ব্যয় | | ৩০শে নভেম্বর, ২০১৭ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় | | ২০১৭-১৮ অর্থ বছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে বরাদ্দ | | | | | | | প্রকল্প সাহায্যের উৎস |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | মোট (বৈঃ মুদ্রা) | প্রকল্প সাহায্য (টাকাংশ) | মোট | টাকা | মোট (বৈঃ মুদ্র) | টাকা | মোট | টাকা | মোট | টাকা (রাজস্ব) | ব্যয় খাত: মূলধন (টাকাংশ) | ব্যয় খাত: রাজস্ব | আমদানী শুল্ক ও মূল্য সংযোজন কর বাবদ বরাদ্দ | প্রকল্প সাহায্য (টাকাংশ) | অন্যান্য | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ | ১৭ | ১৮ | ১৯ |

চলতি প্রকল্প ঃ

নতুন প্রকল্প ঃ

বিঃদ্রঃ নতুন প্রকল্পের ক্ষেত্রে প্রকল্পের বাংলা নাম ও ইংরেজী নাম উল্লেখ করতে হবে।

ছক-'খ'

# ২০১৭-১৮ অর্থ বছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি (কারিগরি সহায়তা)

সেক্টর ঃ

সাব-সেক্টর ঃ

(লক্ষ টাকায়)

| ক্রমিক নং | প্রকল্পের নাম (বাস্তবায়নকাল) | অনুমোদনের পর্যায় | প্রকল্পের ব্যয় | | ২০১৭-১৮ অর্থ বছরের মূল বরাদ্দ | | ২০১৭-২০১৮ অর্থ বছরের (জুলাই -নভেম্বর) প্রকৃত ব্যয় | | ৩০নভেম্বর ২০১৭ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় | | ২০১৭-১৮ অর্থ বছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে বরাদ্দ | | | | | | | প্রকল্প সাহায্যের উৎস |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | মোট (বৈঃ মুদ্রা) | প্রকল্প সাহায্য (টাকাংশ) | মোট | টাকা | মোট (বৈঃ মুদ্র) | টাকা | মোট | টাকা | মোট | টাকা (রাজস্ব) | ব্যয় খাত: মূলধন (টাকাংশ) | ব্যয় খাত: রাজস্ব | আমদানী শুল্ক ও মূল্য সংযোজন কর বাবদ বরাদ্দ | প্রকল্প সাহায্য (টাকাংশ) | অন্যান্য | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ | ১৭ | ১৮ | ১৯ |

চলতি প্রকল্প ঃ

নতুন প্রকল্প ঃ

বিঃদ্রঃ নতুন প্রকল্পের ক্ষেত্রে প্রকল্পের বাংলা নাম ও ইংরেজী নাম উল্লেখ করতে হবে।

# ২০১৭-১৮ অর্থ বছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি (খাদ্য সাহায্যপুষ্ট)

সেক্টর ঃ

সাব-সেক্টর ঃ

(লক্ষ টাকায়)

| ক্রঃ নং | প্রকল্পের নাম (বাস্তবায়নকাল) | অনুমোদনের পর্যায় | প্রকল্পের ব্যয় | | | ২০১৭-১৮ অর্থ বছরের মূল বরাদ্দ | | | ২০১৭-১৮ অর্থ বছরের জুন পর্যন্ত আনুমানিক ব্যয় | | | ২০১৭-১৮ অর্থ বছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে বরাদ্দ | | | | | আমদানী শুল্ক ও মূল্য সংযোজন কর বাবদ বরাদ্দ | খাদ্য সাহায্যের উৎস |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | টাকা | খাদ্য সামগ্রীর পরিমাণ (আনুমানিক মূল্য) | মোট | টাকা | খাদ্য সামগ্রীর পরিমাণ (আনুমানিক মূল্য) | মোট | টাকা | খাদ্য সামগ্রীর পরিমাণ (আনুমানিক মূল্য) | মোট | টাকা | খাদ্য সামগ্রীর পরিমাণ (আনুমানিক মূল্য) | মোট | মূলধন | রাজস্ব | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ | ১৭ | ১৮ | ১৯ |

দ্রষ্টব্য ঃ খাদ্যের মূল্য নির্ধারণের ভিত্তি উল্লেখ করতে হবে।

বিঃদ্রঃ নতুন প্রকল্পের ক্ষেত্রে প্রকল্পের বাংলা নাম ও ইংরেজী নাম উল্লেখ করতে হবে।

ছক - 'ঘ'

# ২০১৭-১৮ অর্থ বছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচির সংক্ষিপ্ত সার।

সেক্টর ঃ

(লক্ষ টাকায়)

| ক্রমিক নং | কর্মসূচির শ্রেণী বিভাগ | প্রকল্প সংখ্যা | ২০১৭-১৮ সালের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে বরাদ্দ | | | | আমদানী শুল্ক ও মূল্য সংযোজন কর বাবদ বরাদ্দ |
|---|---|---|---|---|---|---|---|
| | | | মোট | টাকা | প্রকল্প সাহায্য | প্রকল্প সাহায্যের টাকাংশ | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ১। | বিনিয়োগ কর্মসূচি | | | | | | |
| ২। | কারিগরি সহায়তা কর্মসূচি | | | | | | |
| ৩। | মোট (১+২) ঃ | | | | | | |
| | | | মোট | স্থানীয় মুদ্রা | খাদ্য সাহায্যের পরিমাণ (মিলিয়ন মেট্রিকটন) (আনুমানিক মূল্য) | | |
| ৪। | খাদ্য সাহায্যপুষ্ট কর্মসূচি | | | | | | |
| ৫। | সর্বমোট (৩+৪) ঃ | | | | | | |

ছক-'ঙ'

## ২০১৭-১৮ অর্থ বছরের সংশোধিত বার্ষিক বিনিয়োগ উন্নয়ন কর্মসূচির সংক্ষিপ্ত সার

সেক্টর ঃ

(লক্ষ টাকায়)

| ক্রমিক নং | প্রকল্পের শ্রেণী বিভাগ | প্রকল্প সংখ্যা | ২০১৭-১৮ সালের আরএডিপি বরাদ্দ | | | বৈদেশিক মুদ্রা | | | অন্যান্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | মোট | টাকা | আমদানী শুল্ক ও মূল্য সংযোজন কর বাবদ বরাদ্দ | মোট | প্রকল্প সাহায্য | | |
| | | | | | | | মোট | টাকাংশ | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| (ক) | মোট বিনিয়োগ প্রকল্প | | | | | | | | |
| ১। | ডিপিপি অনুমোদিত | | | | | | | | |
| ২। | অনুমোদিত | | | | | | | | |
| ৩। | সংশোধিত অননুমোদিত | | | | | | | | |
| ৪। | অননুমোদিত | | | | | | | | |
| (খ) | চলতি প্রকল্প | | | | | | | | |
| ১। | ডিপিপি অনুমোদিত | | | | | | | | |
| ২। | অনুমোদিত | | | | | | | | |
| ৩। | সংশোধিত অননুমোদিত | | | | | | | | |
| ৪। | অননুমোদিত | | | | | | | | |
| (গ) | নূতন প্রকল্প | | | | | | | | |
| ১। | ডিপিপি অনুমোদিত | | | | | | | | |
| ২। | অনুমোদিত | | | | | | | | |
| ৩। | সংশোধিত অননুমোদিত | | | | | | | | |
| ৪। | অননুমোদিত | | | | | | | | |
| (ঘ) | বৈদেশিক সাহায্যপুষ্ট মোট প্রকল্প | | | | | | | | |
| ১। | ডিপিপি অনুমোদিত | | | | | | | | |
| ২। | অনুমোদিত | | | | | | | | |
| ৩। | সংশোধিত অননুমোদিত | | | | | | | | |
| ৪। | অননুমোদিত | | | | | | | | |
| (ঙ) | বৈদেশিক সাহায্যপুষ্ট নূতন প্রকল্প | | | | | | | | |
| ১। | ডিপিপি অনুমোদিত | | | | | | | | |
| ২। | অনুমোদিত | | | | | | | | |
| ৩। | সংশোধিত অননুমোদিত | | | | | | | | |
| ৪। | অননুমোদিত | | | | | | | | |

# ২০১৭-১৮ অর্থ বছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে বরাদ্দবিহীনভাবে সংযুক্ত অননুমোদিত নতুন প্রকল্প প্রস্তাব

সেক্টর ঃ
সাব-সেক্টর ঃ
উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ ঃ
সংস্থা ঃ

(লক্ষ টাকায়)

| ক্রমিক নং (অগ্রাধিকার ক্রমসহ) | প্রকল্পের নাম ও বাস্তবায়নকাল (প্রধান প্রধান অঙ্গসহ) | প্রকল্পের ব্যয় | | | প্রকল্প সাহায্যের উৎস | * অনুমোদন পর্যায়সহ মন্ত্রণালয়/বিভাগের মতামত | পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর বিভাগের মতামত |
|---|---|---|---|---|---|---|---|
| | | মোট (বৈঃ মুঃ) | টাকা | প্রকল্প সাহায্য (টাকাংশ) | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |

* অনুমোদন পর্যায় অর্থাৎ পিইসি সুপারিশকৃত, একনেক সভায় উপস্থাপিত, ডিপিপি পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে কিনা ইত্যাদি।

# ২০১৭-১৮ অর্থ বছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে প্রস্তাবিত বরাদ্দবিহীনভাবে সংযুক্ত অননুমোদিত নতুন প্রকল্পের সংক্ষিপ্ত-সার

১। মন্ত্রণালয়/বিভাগের নাম ঃ

২। বাস্তবায়নকারী সংস্থা ঃ

৩। সেক্টর ঃ

৪। সাব-সেক্টর ঃ

৫। প্রকল্পের নাম ঃ বাংলায় -

ইংরেজীতে-

৬। বাস্তবায়নকাল ঃ

৭। প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকায়) ঃ মোট-

স্থানীয় মুদ্রা-

বৈদেশিক মুদ্রা-

৮। অর্থায়ন ব্যবস্থা (লক্ষ টাকায়) ঃ মোট-

জিওবি-

প্রকল্প সাহায্য-

টাকাংশ -

৯। অনুমোদন পর্যায় ঃ

১০। প্রকল্পের প্রধান উদ্দেশ্য ঃ

১১। (ক) প্রকল্পের আওতায় গৃহীতব্য কার্যাবলী/প্রধান প্রধান অঙ্গের বিবরণ ঃ

(খ) প্রকল্পের ফলাফল ঃ
(৭ম পঞ্চবার্ষিক পরিকল্পনার উন্নয়ন ফলাফল কাঠামোতে চিহ্নিত ক্ষেত্রে লক্ষ্যমাত্রা অর্জনে প্রস্তাবিত প্রকল্প কি কি অবদান রাখবে)

১২। প্রকল্প এলাকা ঃ

১৩। বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্প হলে বৈদেশিক সাহায্য প্রাপ্তির সর্বশেষ অবস্থা ঃ

১৪। ইতোপূর্বে এডিপিতে অন্তর্ভুক্ত/ বরাদ্দবিহীনভাবে সংযুক্ত ছিল কি-না ঃ

কর্মকর্তার স্বাক্ষর ও
নাম ঃ

তারিখ ঃ
সীল

ছক-'ছ'

## ২০১৭-১৮ অর্থ বছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি (সংস্থা/কর্পোরেশনের নিজস্ব অর্থায়নে)

সেক্টর ঃ

সাব-সেক্টর ঃ

(লক্ষ টাকায়)

| ক্রমিক নং | প্রকল্পের নাম (বাস্তবায়নকাল) | অনুমোদনের পর্যায় | প্রকল্পের ব্যয় | | ২০১৭-১৮ অর্থ বছরের মূল বরাদ্দ | | ২০১৭-১৮ অর্থ বছরের (জুলাই -নভেম্বর) প্রকৃত ব্যয় | | ৩০নভেম্বর ২০১৭ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় | | ২০১৭-১৮ অর্থ বছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে বরাদ্দ | | | | | | | প্রকল্প সাহায্যের উৎস |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | মোট (বৈঃ মুদ্রা) | প্রকল্প সাহায্য (টাকাংশ) | মোট | টাকা | মোট (বৈঃ মুদ্র) | টাকা | মোট | টাকা | মোট | টাকা (রাজস্ব) | ব্যয় খাত | | আমদানী শুল্ক ও মূল্য সংযোজন কর বাবদ বরাদ্দ | প্রকল্প সাহায্য (টাকাংশ) | অন্যান্য | |
| | | | | | | | | | | | | | মূলধন (টাকাংশ) | রাজস্ব | | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ | ১৭ | ১৮ | ১৯ |

চলতি প্রকল্প ঃ

নতুন প্রকল্প ঃ

বিঃদ্রঃ নতুন প্রকল্পের ক্ষেত্রে প্রকল্পের বাংলা নাম ও ইংরেজী নাম উল্লেখ করতে হবে।

ছক- 'জ'

## বৈদেশিক সাহায্য প্রাপ্তির সুবিধার্থে ২০১৭-১৮ অর্থ বছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে বরাদ্দ ব্যতিরেকে প্রতিফলিত প্রকল্প প্রস্তাব

সেক্টর ঃ

সাব-সেক্টর ঃ

(লক্ষ টাকায়)

| ক্রমিক নং | প্রকল্পের নাম (বাস্তবায়নকাল) | প্রাক্কলিত ব্যয় (প্রকল্প সাহায্য) | অনুমোদনের পর্যায় | বৈদেশিক সাহায্যের সম্ভাব্য উৎস | বৈদেশিক সাহায্য প্রাপ্তির জন্য গৃহীত/গৃহীতব্য পদক্ষেপ |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |

(ক) বিনিয়োগ প্রকল্প

(খ) কারিগরি সহায়তা প্রকল্প

বিঃদ্রঃ নতুন প্রকল্পের ক্ষেত্রে প্রকল্পের বাংলা নাম ও ইংরেজী নাম উল্লেখ করতে হবে।

## ২০১৭-১৮ অর্থ বছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে Public Private Partnership (PPP) প্রকল্প অন্তর্ভুক্তির প্রস্তাব

সেক্টর ঃ
সাব-সেক্টর ঃ
উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ ঃ
সংস্থা ঃ

(লক্ষ টাকায়)

| ক্রমিক নং (অগ্রাধিকার ক্রমসহ) | প্রকল্পের নাম (বাস্তবায়নকাল) | অনুমোদন পর্যায় | প্রকল্পের ব্যয় | | | ২০১৭-১৮ অর্থ বছরের বরাদ্দ | | | মন্ত্রণালয়/বিভাগের মতামত | পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর বিভাগের মতামত |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | মোট (বৈঃ মুঃ) | বেসরকারি অংশ মোট (বৈঃ মুঃ) | সরকারি অংশ মোট (বৈঃ মুঃ) | মোট (বৈঃ মুঃ) | বেসরকারি অংশ মোট (বৈঃ মুঃ) | সরকারি অংশ মোট (বৈঃ মুঃ) | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |

বিঃদ্রঃ নতুন প্রকল্পের ক্ষেত্রে প্রকল্পের বাংলা নাম ও ইংরেজী নাম উল্লেখ করতে হবে।

## ২০১৭-১৮ অর্থ বছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে প্রস্তাবিত Public Private Partnership (PPP) প্রকল্পের সংক্ষিপ্ত-সার

১। মন্ত্রণালয়/বিভাগের নাম ঃ

২। বাস্তবায়নকারী সংস্থা ঃ

৩। সেক্টর ঃ

৪। সাব-সেক্টর ঃ

৫। প্রকল্পের নাম ঃ বাংলায় -

ইংরেজীতে-

৬। বাস্তবায়নকাল ঃ

৭। প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকায়) ঃ মোট-

স্থানীয় মুদ্রা-

বৈদেশিক মুদ্রা-

৮। অর্থায়ন ব্যবস্থা (লক্ষ টাকায়) ঃ মোট-

উদ্যোক্তা -

জিওবি (in kind)

৯। প্রকল্পের প্রধান উদ্দেশ্য ঃ

১০। প্রকল্পের প্রধান প্রধান কার্যাবলীর সংক্ষিপ্ত বিবরণ ঃ

১১। প্রকল্প এলাকা ঃ

কর্মকর্তার স্বাক্ষর ও
নাম ঃ

তারিখ ঃ
সীল

ছক-'ঞ'

## ২০১৭-১৮ অর্থ বছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে আইসিটি খাতে বরাদ্দ প্রদান সম্পর্কিত তথ্য

সেক্টরঃ

সাব-সেক্টরঃ

মন্ত্রণালয়/বিভাগঃ

(লক্ষ টাকা)

| ক্রমিক নং | সংস্থার নাম | আইসিটি খাতে বরাদ্দ প্রাপ্ত প্রকল্প সংখ্যা | ২০১৭-১৮অর্থ বছরের আরএডিপিতে প্রস্তাবিত বরাদ্দ | | |
|---|---|---|---|---|---|
| | | | মোট | টাকা | প্রকল্প সাহায্য |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |